সংবাদ

তারিখ ..7 FEB 20-3.....
পৃষ্ঠা ..১২.. কলাম ..২.....

পাঠ্যসূচিতে আপত্তিকর বই

মতিঝিল আইডিয়াল স্কুলের অধ্যক্ষ ও মন্ত্রণালয়কে উকিল নোটিশ

মতিঝিল আইডিয়াল স্কুল ও কলেজের অধ্যক্ষ এবং Special Communicative Functional English Grammar and Composition বইয়ের লেখক মো. একে মেওয়ালালকে উকিল নোটিশ পাঠিয়েছে আইন ও সালিশ কেন্দ্র (আসক)।

আইডিয়াল স্কুলের ষষ্ঠ, ৭ম ও ৮ম শ্রেণীর পাঠ্য হিসেবে অন্তর্ভুক্ত ওই বইটিতে অসংখ্য ভুল এবং অশালীন ও ক্ষতিকর বাক্য রয়েছে। আসক বইটিকে অবিলম্বে প্রত্যাহার এবং প্রচার ও ব্যবহার বন্ধ করতে বলেছে। এছাড়া বইটি পাঠ করে যারা ক্ষতিগ্রস্ত হয়েছে তাদের ১৫ই ফেব্রুয়ারির মধ্যে ক্ষতিপূরণ দিতে বলা হয়। অন্যথায় আসক আইনানুগ ব্যবস্থা নেবে। বইটি জনস্বাস্থ্য, নৈতিকতা ও শৃঙ্খলার জন্য ক্ষতিকর বলে উকিল নোটিশে বলা হয়েছে। এ উকিল নোটিশ একই সঙ্গে শিক্ষা মন্ত্রণালয়, জাতীয় পাঠ্যসূচি ও পাঠ্যবই বোর্ড এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্তৃপক্ষকেও দেয়া হয়েছে। সংবাদ বিজ্ঞপ্তি।